গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
ন্যাশনাল ডিজাষ্টার রেসপন্স কো-অরডিনেশন সেন্টার (NDRCC)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং ৫১.০০.০০০০.৪২৩.৪০.০০৪.২০১৬-১৮০ তারিখঃ ১৩/০৬/২০১৬খ্রিঃ
সময়ঃ দুপুর ২.০০ টা।

**বিষয়ঃ দুর্যোগ সংক্রান্ত ১৩.০৬.২০১৬ তারিখের দৈনিক প্রতিবেদন।**

**সমুদ্রবন্দর সমূহের জন্য সর্বশেষ আবহাওয়ার পরিস্থিতি:** উত্তর বঙ্গোপসাগর এলাকায় গভীর সঞ্চালণশীল মেঘমালা তৈরী হওয়া অব্যাহত থাকার কারণে উত্তর বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন বাংলাদেশের উপকূলীয় এলাকা এবং সমুদ্র বন্দরসমূহের উপর দিয়ে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। চট্রগাম, কক্সবাজার, মংলা ও পায়রা সমূদ বন্দরসমূহকে ০৩ (তিন) নম্বর পুনঃ ০৩ (তিন) নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে। উত্তর বঙ্গোপসাগরে অবস্থানরত মাছ ধরার নৌকা ও টলারসমূহকে পরবতী নিদেশ না দেওয়া পযন্ত উপকূলের কাছাকাছি থেকে সাবধানে চলাচল করতে বলা হয়েছে ।

**নদীবন্দর সমূহের জন্য সতর্ক সংকেতঃ ( আজ ১৩.০৬.১৬ইং তারিখ সন্ধ্যা ৬.০০টা পর্যন্ত)**
যশোর, কুষ্টিয়া, খুলনা, বরিশাল, পটুয়াখালী, কুমিল্লা এবং নোয়াখালী অঞ্চলসমূহের উপর দিয়ে পশ্চিম/উত্তর পশ্চিম দিক থেকে ঘন্টায় ৬০-৮০ কি.মি. বেগে বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলকার নদী বন্দরসমূহের জন্য ০২(দুই) নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

দেশের অন্যত্র পশ্চিম/উত্তর পশ্চিম দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলকার নদী বন্দরসমূহের জন্য ০১(এক) নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

**ভারী বর্ষণের সতর্কবাণী:** উত্তর বঙ্গোপসাগর এলাকায় গভীর সঞ্চালণশীল মেঘমালা তৈরী হওয়া অব্যাহত থাকার কারণে আজ (১৩-০৬-১৬ খ্রিঃ) সকাল ১১:০০ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টায় চট্টগাম, বরিশাল, খুলনা ও ঢাকা বিভাগের কোথাও কোথাও ভারী থেকে অতি ভারী বৃষ্টি হতে পারে। অতি ভারী বৃষ্টির কারণে চট্রগাম বিভাগের পাহাড়ী এলাকায় কোথাও কোথাও ভমিধ্বসের সম্ভাবনা রয়েছে।

**পূর্বাভাসঃ** খুলনা, বরিশাল, চট্টগাম, ঢাকা, ময়মনসিংহ ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় এবং রাজশাহী ও রংপুর বিভাগের অনেক জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়াসহ বষ্টি অথবা বজসহ বষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও ভারী থেকে অতি ভারী বর্ষন হতে পারে।

**তাপমাত্রা ঃ** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা পায় অপরিবতিত থাকতে পারে।

**গত ২৪ ঘন্টায় বিভাগওয়ারী দেশের সর্বোচ্চ এবং সর্বনিম্ন তাপমাত্রা নিম্নরূপঃ**

| বিভাগের নাম | ঢাকা | ময়মনসিংহ | চট্রগ্রাম | সিলেট | রাজশাহী | রংপুর | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ৩০.৬ | ৩০.৪ | ২৯.৫ | ২৯.০ | **৩২.৫** | ৩২.৫ | ৩২.৫ | ২৯.৫ |
| সর্বনিম্ন তাপমাত্রা | ২২.০ | ২২.৮ | ২২.৫ | ২৪.১ | ২২.৭ | **২৩.৫** | ২২.৭ | ২৩.৫ |

* দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল রাজশাহী, চুয়াডাংগা, তেতুলিয়া ৩২.৫ ডিগ্রী সে. এবং সর্বনিম্ন তাপমাত্রা ছিল টাংগাইলে ২২.০ ডিগ্রী সে.।

০২। **নদনদী পানি হ্রাস /বৃদ্ধির নদীর-সর্বশেষ অবস্থাঃ** (তথ্যসূত্রঃ বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, বাপাউবো)

| | | | |
|---|---|---|---|
| মোট পর্যবেক্ষণ পয়েন্টের সংখ্যা | ৮৫ টি | পানি স্থিতিশীল রয়েছে | ০৫ টি |
| পানি বৃদ্ধি পেয়েছে | ৩৫ টি | তথ্য পাওয়া যায়নি | ০৯ টি |
| পানি হ্রাস পেয়েছে | ৩৬ টি | বিপদসীমার উপরে দিয়ে প্রবাহিত হচ্ছে | ০০ টি |

**এক নজরে নদ-নদীর পরিস্থিতি**

- ব্রহ্মপুত্র-যমুনা ও গঙ্গা-পদ্মা নদ-নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে অপরদিকে আপার মেঘনা নদ-নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে।
- আগামী ৪৮ ঘন্টায় ব্রহ্মপুত্র-যমুনা, গঙ্গা-পদ্মা ও মেঘনা নদ-নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পেতে পারে।

০৩। **অদ্য সকল পয়েন্টে নদীর পানি বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছেঃ**

| ক্রঃনং | জেলার নাম | নদীর নাম | ষ্টেশনের নাম | পানি বৃদ্ধি (+) হ্রাস (-)(cm) | বিপদসীমার উপরে আছে ( cm) |
|---|---|---|---|---|---|
| - | - | - | - | - | - |

**গত ২৪ ঘন্টায় দেশের বিভিন্ন স্থানে উল্লেখযোগ্য বৃষ্টিপাতঃ (গতকাল সকাল ৯ টা থেকে আজ সকাল ৯টা পর্যন্ত)**

| স্টেশন/জেলার নাম | বৃষ্টির পরিমাণ (মিমি) | স্টেশন/জেলার নাম | বৃষ্টির পরিমাণ (মিমি) | স্টেশন/জেলার নাম | বৃষ্টির পরিমাণ (মিমি) |
|---|---|---|---|---|---|
| বরগুনা | ১২১.০ | রাজশাহী | ৭৬.০ | রোহানপুর, চাঃ নবাবগঞ্জ | ৬৮.০ |
| চাপাইনবাবগঞ্জ | ৬৪.৪ | খুলনা | ৫৫.০ | মহাদেবপুর, নওগাঁ | ৪৯.০ |
| কক্সবাজার | ৪৪.০ | বরিশাল | ৪৩.০ | | |

০৪। **অগ্নিকান্ডঃ** ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স নিয়ন্ত্রণ কক্ষের ডিউটি অফিসার জানান, আজ দেশের কোথাও থেকে উল্লেখ যোগ্য কোন অগ্নিকান্ড সংঘটিত হওয়ার সংবাদ পাওয়া যায় নি।

**০৫। কালবৈশাখী:**

**পটুয়াখালী:** গত ১১.০৬.২০১৬ তারিখ আনুমানিক সকাল ১০.০০টার সময় পটুয়খালীর জেলার সদর উপজেলা এবং গলাচিপা উপজেলার উপর দিয়ে এক **কালবৈশাখী ঝড়** বয়ে যায়। **ঝড়ের সময় গাছ চাপা পড়ে সদর উপজেলায় তানজিলা ( ২০) এবং গলাচিপা উপজেলায় সেলিনা বেগম (৩৫) মোট দুইজন মারা যায়** । মৃত )ব্যক্তিদের দাফনের জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বরাদ্দ থেকে জেলা প্রশাসন কর্তৃক জি-আর সাহায্য হিসেবে মৃত ০২ জনের পরিবার প্রতি ২০,০০০/- করে মোট ৪০,০০০/-টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। ঘরবাড়ী এবং অন্য কোন ক্ষয়ক্ষতির সংবাদ পাওয়া যায়নি।

**পিরোজপুরঃ গত** ১১.০৬.২০১৬ তারিখ আনুমানিক সকাল ১০.০০টার সময় জেলার নাজিরপুর ও নেছারাবাদ উপজেলার উপর দিয়ে এক **কালবৈশাখী ঝড়** বয়ে যায়। **ঝড়ের সময় সাফিয়া বেগম(২৫ ), গ্রাম উত্তর কলা দোয়ানিয়া,উপজেলা নাজিরপুর (গাছচাপা পড়ে), দেলোয়ার ঘরামি,গ্রাম স্বরুপকাঠি,উপজেলা নেছারাবাদ (ঘরচাপা পড়ে) এবং সাব্বির হোসেন,গ্রাম পাটিক্যালবাড়ি,উপজেলা নেছারাবাদ (ঘরচাপা পড়ে) মোট তিন জন মারা যায়** । মৃত ব্যক্তিদের দাফনের জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বরাদ্দ থেকে জেলা প্রশাসন কর্তৃক জি-আর সাহায্য হিসেবে মৃত ০৩ জনের পরিবার প্রতি ২০,০০০/- করে মোট ৬০,০০০/-টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। ঘরবাড়ী এবং অন্য কোন ক্ষয়ক্ষতির সংবাদ পাওয়া যায়নি।

**খুলনাঃ গত** ১১.০৬.২০১৬ তারিখ আনুমানিক সকাল ১০.০০টার সময় জেলার কয়রা ও বটিয়া ঘাটা উপজেলার উপর দিয়ে এক **কালবৈশাখী ঝড়** বয়ে যায়। **ঝড়ের সময় কয়রা উজেলায় বজ্রপাতে ৪ জন এবং বটিয়াঘাটা উজেলায় বজ্রপাতে ৩ জন , নৌকাডুবিতে ১ জন এবং ঘরচাপা পড়ে ১ জনসহ মোট ৯ জন মারা যায়। বিস্তারিত পরে জানানো হবে।**

**চাঁদপুরঃ গতকাল** ১২.০৬.২০১৬ তারিখ দুপুর সকাল ১২.০০ টার সময় জেলার সদর ও হাইমচর উপজেলার উপর দিয়ে এক **কালবৈশাখী ঝড়** বয়ে যায়। **ঝড়ের সময় সিদ্দিকুর রহমান(২৬ ), গ্রাম চরফতেহ জংপুর,উপজেলা হাইমচর (বজ্রপাতে) এবং মোঃ ইয়াছিন(৩৫) , গ্রাম আলমগীর মোল্লাকান্দি, উপজেলা হাইমচর (বজ্রপাতে) মোট ০২ জন মারা যায়** । মৃত ব্যক্তিদের দাফনের জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বরাদ্দ থেকে জেলা প্রশাসন কর্তৃক জি-আর সাহায্য হিসেবে মৃত ০২ জনের পরিবার প্রতি ২০,০০০/- করে মোট ৪০,০০০/-টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। ঘরবাড়ী এবং অন্য কোন ক্ষয়ক্ষতির সংবাদ পাওয়া যায়নি।

**বাগেরহাটঃ** গতকাল ১২/৬/২০১৬খ্রিঃ তারিখ বাগেরহাট জেলার মোড়েলগঞ্জ উপজেলায় কালবৈশাখী ঝড়ের সময় বজ্রপাতে এক ব্যক্তির মৃত্যুর খবর পাওয়া গেছে। মৃত ব্যক্তি নাম আলামিন, পিতা- ইউনুস ইলী খান, গ্রাম- পূর্ব চণ্ডীপুর, ইউনিয়ন- ইন্দ্রাখালী, উপজেলা- মোড়েলগঞ্জ। অন্য কোন ক্ষয়ক্ষতির খবর পাওয়া যায় নি।

দুর্যোগ পরিস্থিতি মনিটরিং করার জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের **NDRCC** (জাতীয় দুর্যোগ সাড়াদান সমন্বয় কেন্দ্র) ২৪ ঘন্টা (৭**x**২৪) খোলা রয়েছে। দুর্যোগ সংক্রান্ত যে কোন তথ্য আদান-প্রদানের জন্য **NDRCC'**র নিম্নবর্ণিত টেলিফোন/ ফ্যাক্স/ **email** নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছেঃ
**টেলিফোন নম্বরঃ ৯৫৪০৪৫৪, ৯৫৪৯১১৬, ৯৫৪৫১১৫, ৯৫৪৬৬৬৩; মোবাইল নম্বরঃ ০১৭১১-৪৪৭২৭৬ এবং ০১৯৩৭-১৬৩৫৮২**
**ফ্যাক্স নম্বরঃ** ৯৫৪০৫৬৭, ৯৫৪৯১৪৮, ৯৫৭৫০০০ **Email: ndrcc.dmrd@gmail.com**

স্বাক্ষরিত/-
মোঃ আমিনুল ইসলাম
উপসচিব (এনডিআরসিসি)
ফোনঃ ৯৫৪৬৬৬৩

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ**

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মূখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৩। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৪। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
০৫। প্রিন্সিপাল ষ্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৬। মহা-পরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৭। অতিরিক্ত সচিব (প্রশাসন), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
০৮। অতিরিক্ত সচিব (দুঃব্যঃ), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
০৯। মহা-পরিচালক (অতিরিক্ত সচিব),দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী,ঢাকা।
১০। অতিরিক্ত সচিব (ত্রাণ)/(দুব্যক), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
১১। মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
১২। পরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
১৩। সিস্টেম এনালিষ্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। প্রতিবেদনটি ওয়েব সাইটে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো।
১৪। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। ইলেক্ট্রোনিক ও প্রিন্ট মিডিয়াতে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৫। সিনিয়র তথ্য কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।